

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
বিএসসি শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mos.gov.bd](http://www.mos.gov.bd)

নং-১৮.০০.০০০০.০২৩.৩১.১১৩.১৮-৫৫

তারিখঃ ১৪ মে, ২০২০


বিষয়ঃ বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর খুলানাশু কেডিএ এভিনিউর বানিয়াখামার মৌজার প্লট নং ২৪ ও ২৫ এর ১১.৭৩ কাঠা জমির অবৈধ স্থাপনা উচ্ছেদকরন।

সূত্রঃ বিএসসির পত্র নং-১৮.১৬.০০০০.৩৫৩.৬৪.০০১.১৯.২১, তারিখঃ ২৩ মার্চ, ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) রাষ্ট্রীয় মালিকানাধীন একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান। বিএসসির মালিকানাধীন খুলানাশু কেডিএ এভিনিউ এর বানিয়াখামার মৌজার প্লট নং ২৪ ও ২৫ এর ১১.৭৩ কাঠা জমি একটি অস্থায়ী চুক্তির মাধ্যমে হস্টন এক্সপোর্ট নামীয় প্রতিষ্ঠান বরাবর ভাড়া প্রদান করা হয়। কিন্তু উক্ত ভাড়া চুক্তিটি পক্ষপাতদুষ্টের অভিযোগ উত্থাপিত হওয়ায় ইতোমধ্যে ভাড়াচুক্তি বাতিলের জন্য নৌপরিবহন মন্ত্রণালয় হতে বিএসসি'কে নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু ভাড়া গ্রহীতা প্রতিষ্ঠানকে কোন প্রকার স্থাপনা নির্মাণ কাজ না করার জন্য বিএসসি কর্তৃক নোটিশ প্রদান করা হলেও হস্টন এক্সপোর্ট অবৈধ স্থাপনা নির্মাণ কাজ চালিয়ে যাচ্ছে বলে জানা যায়। এ প্রেক্ষিতে সরকারি তথা রাষ্ট্রীয় সম্পদ রক্ষার স্বার্থে আলোচ্য জমিতে অবৈধ স্থাপনা অপসারণসহ জরুরী ভিত্তিতে উচ্ছেদ করা প্রয়োজন।

২। বর্ণিতাবস্থায়, সরকারি সম্পদ রক্ষার স্বার্থে বাংলাদেশ শিপিং কর্পোরেশনের খুলানাশু কেডিএ এভিনিউর বানিয়াখামার মৌজার প্লট নং- ২৪ ও ২৫ এর ১১.৭৩ কাঠা জমিতে ভাড়াটিয়া কর্তৃক অবৈধ স্থাপনা নির্মাণ বন্ধকরাসহ জরুরী ভিত্তিতে উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সূত্রোক্তপত্র।

  
১৪.৫.২০২০  
(মোঃ নজরুল ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫৮১৭ (অফিস)


জেলা প্রশাসক  
খুলনা।

নং-১৮.০০.০০০০.০২৩.৩১.১১৩.১৮-৫৫

তারিখঃ ১৪ মে, ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

  
১৪.৫.২০২০  
(মোঃ নজরুল ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
বিএসসি শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mos.gov.bd](http://www.mos.gov.bd)


নং-১৮.০০.০০০০.০২৩.৩১.১১৩.১৮-৫৬

তারিখঃ ১৪ মে, ২০২০

বিষয়ঃ বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর খুলানাস্থ কেডিএ এভিনিউর বানিয়াখামার মৌজার প্লট নং ২৪ ও ২৫ এর ১১.৭৩ কাঠা জমির অবৈধ স্থাপনা উচ্ছেদকরন।

সূত্রঃ বিএসসির পত্র নং-১৮.১৬.০০০০.৩৫৩.৬৪.০০১.১৯.২১, তারিখঃ ২৩ মার্চ, ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর মালিকানাধীন খুলানাস্থ কেডিএ এভিনিউ এর বানিয়াখামার মৌজার প্লট নং ২৪ ও ২৫ এর ১১.৭৩ কাঠা জমিতে ভাড়াগ্রহীতা হুন্টন এক্সপোর্ট নামীয় প্রতিষ্ঠান কর্তৃক নির্মিত অবৈধ স্থাপনা উচ্ছেদের লক্ষ্যে বিএসসির পক্ষের জমির প্রয়োজনীয় কাগজপত্র জেলা প্রশাসক, খুলানাকে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
১৪.৫.২০২০  
(মোঃ নজরুল ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫৮১৭ (অফিস)

ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশ শিপিং কর্পোরেশন  
চট্টগ্রাম।

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (সংস্থা-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।